

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
উপদেষ্টার দপ্তর  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের জ্ঞান এবং প্রজ্ঞাকে দেশ পুনর্গঠনের পলিসি লেভেলে কাজে লাগাতে হবে  
---যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ

প্রেস রিলিজ

ঢাকা, ২৮ সেপ্টেম্বর ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া বলেছেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের জ্ঞান এবং প্রজ্ঞাকে দেশ পুনর্গঠনের পলিসি লেভেলে কাজে লাগাতে হবে। দেশ পুনর্গঠনে সংক্ষার কার্য চলমান থাকবে।

আজ (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোজাফফর আহমেদ মিলনায়তনে ভাষাবিজ্ঞান বিভাগ কর্তৃক আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃত্বকালে তিনি এ কথা বলেন।

এসময় উপদেষ্টা বলেন, আমরা এমন ভঙ্গুর সময়ে রাষ্ট্রের দায়িত্বার গ্রহণ করেছি যখন বিগত সরকার ১৬ বছর ধরে লুটপাটের রাজনীতি করেছে, দেশের অর্থনীতির ধ্বংস করেছে। দেশ পুনর্গঠনে আমরা আপনাদের সর্বান্ক সহযোগিতা কামনা করছি। জনগণের আকাঙ্ক্ষাকে বাস্তবায়নের লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি।

উপদেষ্টা আরো বলেন, বাংলাদেশে বেকারত একটি বড় সমস্যা। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাধ্যমে বেকারত্বের সমস্যার সমাধানে আমরা কাজ করছি। যুব সমাজকে দক্ষ করতে এবং ডেমোগ্রাফিক ডিভিডেন্ট এর সুবিধা নিতে যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে মাঠ পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। দেশের বিভিন্ন নীতি নির্ধারণী ক্ষেত্রে আমরা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সাহায্য কামনা করছি।

এ সময় অন্যান্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্রিকুর রহমান খান, ভাষাবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মনিরা বেগমসহ ভাষাবিজ্ঞান বিভাগের শিক্ষক এবং শিক্ষার্থীরা।

স্বাক্ষরিত/-

মো: নূর আলম  
জনসংযোগ কর্মকর্তা  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
মোবাইল: ০১৭৪৪২৫৯৮৪৩